# পরিচালকমন্ডলীর প্রতিবেদন
## ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত বছরে

বিস্‌মিল্লাহীর্ রহমানির্ রহীম,

সম্মানীত শেয়ারহোল্ডারবৃন্দ,

আস্‌সালামু আলাইকুম,

ফেডারেল ইনস্যুরেন্স পিএলসি এর ৩৭তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগতম জানাচ্ছি। বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী এ বছর হাইব্রিড সিস্টেমে বার্ষিক সাধারণ সভা ২০২৪ এর আয়োজন করা হয়েছে। এ মহতী অনুষ্ঠানে সংযুক্ত হওয়ায় আপনাদের প্রতি রইল আন্তরিক অভিনন্দন। পরিচালকমন্ডলীর পক্ষ থেকে ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখে সমাপ্ত বছরের কর্মকান্ড, নিরীক্ষিত হিসাব ও অর্থনৈতিক তথ্যাবলীযুক্ত কোম্পানীর বার্ষিক প্রতিবেদন আপনাদের বিবেচনা এবং অনুমোদনের জন্য উপস্থাপন করার সুযোগ পেয়ে আমি আনন্দিত বোধ করছি। পরিচালক পরিষদ কর্তৃক সুচারুভাবে প্রস্তুতকৃত এই প্রতিবেদনটিতে কোম্পানী আইন ১৯৯৪ এর ধারা-১৮৪, বীমা উন্নয়ণ ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক জারিকৃত 'বীমাকারীর কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন-২০২৩ ও বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জারিকৃত কর্পোরেট গভর্ন্যান্স কোড-২০১৮ ও অন্যান্য সংশ্লিষ্ট আইনের বিধি, প্রজ্ঞাপন মোতাবেক স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসনের দিকে নজর রেখে সংযুক্তি ও ব্যাখ্যার মাধ্যমে ব্যবসায়িক কর্মকান্ড ও সাফল্য তুলে ধরার চেষ্টা করা হয়েছে। আশা করি আপনাদের অব্যাহত সক্রিয় সমর্থন ও সহযোগিতায় কোম্পানী উত্তরোত্তর শক্তিশালী প্রতিষ্ঠান হিসাবে বিকশিত হবে।

তিন যুগেরও বেশী সময় আগে প্রতিষ্ঠিত, আপনাদের কোম্পানী বাংলাদেশ ইনস্যুরেন্স খাতে ধারাবাহিকভাবে প্রায় ৩৮ বছর সফলতার সাথে সেবা প্রদান করেছে যা ছিল একনিষ্ঠা, সততা এবং টেকসই মূল্য সৃষ্টির গৌরবময় যাত্রা। সম্মানিত স্টেকহোল্ডারদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোম্পানী আইন ১৯৯৪ (২০২০ সালের সংশোধনী অনুযায়ী) অনুসারে গত বার্ষিক সাধারণ সভায় শেয়ারহোল্ডারদের অনুমোদনক্রমে কোম্পানীর নাম "ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানী লিঃ" হতে **"ফেডারেল ইনস্যুরেন্স পিএলসি"** তে রূপান্তর করা হয়েছে যা যৌথ মূলধনী কোম্পানী ও ফার্মসমূহের রেজিস্ট্রার এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে।

এ পর্যায়ে অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, কোম্পানীর উদ্যোক্তা শেয়ারহোল্ডার ও পরিচালক জনাব মোঃ ছবিরুল হক গত ১৬/০১/২০২৫ তারিখে ইন্তেকাল করেছেন। তিনি কোম্পানীর একজন অন্যতম প্রতিষ্ঠাতা। তিনি কোম্পানীর শুরু থেকে পরিচালক এবং বিভিন্ন সময়ে পরিচালক পরিষদের ভাইস চেয়ারম্যান, নির্বাহী কমিটির চেয়ারম্যান, বীমা দাবী কমিটির চেয়ারম্যানের দায়িত্বসহ বিভিন্ন কমিটির গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন। কোম্পানীকে প্রদত্ত তাঁর এরূপ ত্যাগী সেবা শ্রদ্ধার সাথে স্মরণ করছি। কোম্পানীর প্রতিষ্ঠালগ্ন থেকে মরহুম মোঃ ছবিরুল হকসহ যে সমস্ত পরিচালক, শেয়ারহোল্ডার ও কর্মকর্তা-কর্মচারী ইন্তেকাল করেছেন তাঁদের সকলের আত্মার মাগফেরাত কামনা করছি।

Bismillahir Rahmanir Rahim,

Dear Shareholders,

Assalamu Alaikum,

It is with great pleasure that I extend a warm welcome to you all at the 37th Annual General Meeting of Federal Insurance PLC. In accordance with the directives of the Bangladesh Securities and Exchange Commission, this year's AGM is being held in a hybrid format. I extend my heartfelt congratulations to all of you for your participation in this significant event. On behalf of the Board of Directors, I am pleased to present for your consideration and approval the Annual Report of the Company for the year ended 31 December 2024, which includes the operational highlights, audited financial statements and economic disclosures. This report is carefully prepared, compiled under the guidance of the Board of Directors, has been developed in accordance with Section 184 of the Companies Act 1994, the Corporate Governance Guidelines 2023 issued by the Insurance Development and Regulatory Authority (IDRA), the Corporate Governance Code 2018 issued by the Bangladesh Securities and Exchange Commission (BSEC), and other relevant laws, regulations and circulars. Emphasis has been given on transparency, accountability and good governance, with appropriate disclosures and explanations of our business operations and achievements. With your continued active support and cooperation, we are confident that the Company will further grow as a strong and resilient institution.

Established over three decades ago, your Company has proudly served the Bangladesh insurance sector for nearly 38 years, demonstrating unwavering commitment, integrity and a legacy of sustainable value creation. For your kind information, pursuant to the Companies Act 1994 (as amended in 2020) and with the approval of the shareholders at the previous Annual General Meeting, the name of the Company has officially been changed from "Federal Insurance Company Ltd." to "Federal Insurance PLC." This change has been duly approved by the Registrar of Joint Stock Companies and Firms and the Insurance Development and Regulatory Authority (IDRA).

At this point with deep sorrow, we inform you that Mr. Md. Sabirul Haque, a Sponsor shareholder and Director of the Company, passed away on January 16, 2025. He was one of the key founders of Federal Insurance PLC and served as a Director since its inception. Over the years, he held several vital leadership roles, including Vice Chairman of the Board, Chairman of the Executive Committee and Chairman of the Claims Committee etc. We remember his dedicated and selfless service to the company with profound respect and gratitude. We also pray for the eternal peace of Mr. Sabirul Haque and all other Directors, Shareholders and Officers of the Company those have passed away since its establishment.




### কোম্পানী সম্পর্কিত তথ্য ঃ

১৯৮৭ সনের ১১ নভেম্বর ফেডারেল ইন্স্যুরেন্স পিএলসি ৩.০০ কোটি টাকা পরিশোধিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। একই সনের ১৭ নভেম্বর বীমা অধিদপ্তর থেকে সাধারণ বীমা ব্যবসার রেজিষ্ট্রেশন সার্টিফিকেট প্রাপ্ত হয় এবং ২০ নভেম্বর আনুষ্ঠানিক কার্যক্রম শুরু করে। ১৯৯৫ সনে পাবলিক ইস্যুর মাধ্যমে পরিশোধিত মূলধন ৬.০০ কোটি টাকায় এবং পরবর্তিতে মূলধন আরও বৃদ্ধির লক্ষ্যে ক্রমান্বয়ে বোনাস, রাইটস শেয়ার ইস্যুর মাধ্যমে কোম্পানীর পরিশোধিত মূলধন ৭১.০৪ কোটি টাকায় উন্নীত করা হয়। সংশ্লিষ্ট সকলের পৃষ্ঠপোষকতা, আন্তরিক সহযোগিতা এবং কোম্পানীর সকল কর্মকর্তা-কর্মচারীর সম্মিলিত প্রচেষ্টায় দীর্ঘ ৩৮ বছরে বিভিন্ন সময়ে নানা প্রতিকূল অবস্থা, অস্থিরতা, প্রাকৃতিক দুর্যোগ প্রভৃতি কারনে এবং বিপুল পরিমান অংকের বীমা দাবী পরিশোধ সত্বেও কোম্পানী ধাপে ধাপে অগ্রগতির দিকে এগিয়ে যাচ্ছে। আন্তরিকভাবেই বিশ্বাস করি মহান আল্লাহ্তায়ালার অশেষ রহমতে এবং আপনাদের সবার আন্তরিক সহযোগিতায় আমরা কাঙ্খিত লক্ষ্যে পৌছবোই।

### ব্যবসার পরিবেশ ও ভবিষ্যত প্রত্যাশা ঃ

২০২৫ সালে বৈশ্বিক অর্থনীতি এক জটিল পরিস্থিতি অতিক্রম করতে যাচ্ছে, যেখানে একদিকে যেমন রয়েছে সম্ভাবনা, অন্যদিকে তেমনি রয়েছে নানাবিধ ঝুঁকি। আঞ্চলিক বৈষম্য, মূল্যস্ফীতির চাপ এবং কাঠামোগত পরিবর্তনের ধারা বৈশ্বিক অর্থনীতিকে নানা দিক থেকে প্রভাবিত করবে। ২০২৫ ও ২০২৬ সালে বৈশ্বিক অর্থনৈতিক প্রবৃদ্ধি ৩.৩ শতাংশে দাঁড়াবে বলে পূর্বাভাস দেয়া হয়েছে, যা ২০০০ থেকে ২০১৯ সালের গড় প্রবৃদ্ধি ৩.৭ শতাংশের চেয়ে কম।এই পূর্বাভাস অনুযায়ী যুক্তরাষ্ট্রের প্রবৃদ্ধি কিছুটা বাড়বে, তবে অন্যান্য প্রধান অর্থনীতিতে তা কমবে। বৈশ্বিক মূল্যস্ফীতি ২০২৫ সালে ৪.২ শতাংশ এবং ২০২৬ সালে ৩.৫ শতাংশে নেমে আসবে বলে ধারণা করা হচ্ছে। উন্নত দেশগুলোতে এই মূল্যস্ফীতি তুলনামূলকভাবে দ্রুত নিয়ন্ত্রণে আসবে, যেখানে উদীয়মান ও উন্নয়নশীল দেশগুলোতে তা কিছুটা সময় নেবে। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী, বিশ্ব অর্থনীতির জন্য ২০২৫ সাল হবে এক ধরনের 'সতর্ক আশাবাদের' বছর। মাঝারি প্রবৃদ্ধি ও ধীরে ধীরে কমে আসা মূল্যস্ফীতি একদিকে যেমন স্থিতিশীলতার ইঙ্গিত দেয়, অন্যদিকে বৈশ্বিক বাজারে এখনও নানা অনিশ্চয়তা ও চ্যালেঞ্জ বজায় থাকবে।

### Company Overview

Federal Insurance PLC was incorporated on November 11, 1987, with a paid-up capital of BDT 3.00 crore. On November 17, 1987, it received a Certificate of Registration for general insurance business from the Department of Insurance and formally commenced its operations on November 20, 1987. In 1995, the Company raised its paid-up capital to BDT 6.00 crore through a public issue. Over time, the capital was further increased to BDT 71.04 crore through the issuance of bonus shares and rights shares in phases. Thanks to the continued support of stakeholders, sincere cooperation, and the collective efforts of our officers and employees, the Company has steadily progressed over the past 38 years, despite facing challenges such as economic instability, natural disasters and the payment of large insurance claims. We firmly believe that, by the infinite grace of Almighty Allah and with your continued support, we will achieve our long-term goals and reach even greater heights.

### Business Environment and Future Outlook

The global economy in 2025 is expected to navigate through a complex landscape, presenting both opportunities and significant risks. Regional disparities, inflationary pressures and ongoing structural changes will continue to shape the global economic outlook from various dimensions. Global economic growth is projected to stand at 3.3% in both 2025 and 2026, which is lower than the average growth of 3.7% experienced between 2000 and 2019. According to these projections, economic growth in the United States is expected to rise slightly, while growth in other major economies may decline. Global inflation is anticipated to fall to 4.2% in 2025 and 3.5% in 2026. Developed countries are expected to bring inflation under control more swiftly, whereas emerging and developing economies may take longer to stabilize inflationary pressures. The latest report from the International Monetary Fund (IMF) refers to 2025 as a year of "cautious optimism" for the global economy. Moderate growth and a gradual decline in inflation indicate signs of stabilization, yet significant uncertainties and challenges remain in the global marketplace.

২০২৫ সালে বাংলাদেশ অর্থনীতির সামনে যেমন কিছু চ্যালেঞ্জ রয়েছে, তেমনি রয়েছে সম্ভাবনার দিগন্তও। বিশ্বব্যাংক, আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) বাংলাদেশের অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে বিভিন্ন পূর্বাভাস ও মূল্যায়ন প্রকাশ করেছে যা দেশের সামনের পথচিত্রকে চিহ্নিত করে।

২০২৪ সালের ডিসেম্বর, নভেম্বর ও অক্টোবর মাসে দেশের মূল্যস্ফীতির হার ছিল যথাক্রমে ১০.৮৯%, ১১.৩৮% ও ১০.২২% যা ২০২৩ সালের নভেম্বরের ৯.৪৯% এর তুলনায় অনেক বেশি। বিশ্বখ্যাত ক্রেডিট রেটিং প্রতিষ্ঠান মুডি'স বাংলাদেশে রেটিং কমিয়ে 'বি২' করেছে এবং দেশের অর্থনৈতিক পরিস্থিতি নিয়ে 'নেতিবাচক' ইঙ্গিত প্রদান করেছে। এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি) ২০২৪ অর্থবছরের (ঋণ২৪) জন্য জিডিপি প্রবৃদ্ধি ৫.৮% হিসেবে পূর্বাভাস দিয়েছে, যা ২০২৪ সালের এপ্রিলে পূর্বাভাস দেওয়া ৬.১% এর চেয়ে কিছুটা কম, তবে ২০২৩ অর্থবছরের প্রবৃদ্ধির সঙ্গে প্রায় সামঞ্জস্যপূর্ণ। বাংলাদেশ ব্যাংক আন্তর্জাতিক মুদ্রা তহবিলের BPM6 মান অনুযায়ী বৈদেশিক মুদ্রার রিজার্ভ প্রকাশ শুরু করেছে, যার ফলে ২০২৪ সালের ডিসেম্বর মাসে নিট রিজার্ভ দাঁড়ায় ২১,৪২৩.২ মিলিয়ন মার্কিন ডলার এবং মোট রিজার্ভ ছিল ২৬,২১৪.৮ মিলিয়ন ডলার। ২০২৪ সালের জুলাইয়ে এই রিজার্ভ ছিল যথাক্রমে ২০,৩৯৩.৭ মিলিয়ন এবং ২৫,৮২৩.৬ মিলিয়ন ডলার।২০২৪ সালে টাকার মান ডলারের বিপরীতে আরও হ্রাস পেয়েছে। আনুষ্ঠানিকভাবে প্রতি ডলারের বিনিময় হার ১২০ টাকা নির্ধারিত হলেও, বাণিজ্যিক ব্যাংকগুলো প্রায় ১২৩.৮০ (টাকা) হারে ডলার বিক্রি করছে, যার সরাসরি প্রভাব পড়ছে বীমা খাতের ঝুঁকি ব্যবস্থাপনা ব্যয়ে। বাংলাদেশে নন-লাইফ বীমা ব্যবসায়ের ইতিহাস অতি প্রাচীন। বর্তমানে সরকারী সাধারণ বীমা কর্পোরেশনসহ নন-লাইফ বীমা কোম্পানীর সংখ্যা ৪৭টি। বিগত বছরগুলোতে বাংলাদেশের বীমা শিল্পের উন্নয়নের হার ৫% যা মোট জিডিপির ০.৫৯% মাত্র। স্বল্প বিনিয়োগ ও অর্থনৈতিক কর্মকাণ্ডের ধীরগতি, অধিক করহার, বীমা সম্পর্কে মানুষের পর্যাপ্ত ধারণার অভাব ও ব্যবসা সম্প্রসারণের নিম্নগামী ধারা এই ব্যবসায়ের উন্নতির পথকে রোধ করে রেখেছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহকে আমরা স্বাগত জানাই এবং আশা করি বীমা শিল্পের স্থিতিশীল ও টেকসই উন্নয়নের জন্য আইডিআরএ কর্তৃক ঘোষিত জাতীয় বীমা নীতিমালায় অন্তর্ভূক্ত বিষয়সমূহ বাস্তবায়ন একটি ইতিবাচক পদক্ষেপ। কাজের সচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং কার্যক্রম পরিচালনায় নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা কোম্পানীসমূহকে সময়োপযোগী ডিজিটালাইজেশন করার উদ্যোগ গ্রহণ করেছে। আমরা এ উদ্যোগকে স্বাগত জানাই এবং আশাকরি সকল বীমা কোম্পানীর জন্য সুষ্ঠু ব্যবসায়িক পরিবেশ নিশ্চিতকল্পে ও এখাতে শৃংখলা ফিরিয়ে আনতে কর্তৃপক্ষ সফল হবে।

For Bangladesh, the year 2025 presents both economic challenges and promising prospects. Various assessments and forecasts by the World Bank, IMF and the Bangladesh Bureau of Statistics (BBS) highlight the potential path forward for the country's economy.

In October, November, and December 2024, the inflation rates in Bangladesh stood at 10.22%, 11.38%, and 10.89%, respectively higher than 9.49% recorded in November 2023. Renowned credit rating agency Moody's downgraded Bangladesh's credit rating to 'B2' with a negative outlook, reflecting concerns about the country's macroeconomic stability. The Asian Development Bank (ADB) has forecasted a GDP growth of 5.8% for Bangladesh in FY2024, which is slightly lower than its earlier projection of 6.1% in April 2024, yet relatively consistent with the FY2023 growth rate. Following the IMF's BPM6 standard, Bangladesh Bank has started publishing its foreign exchange reserves accordingly. As of December 2024, net reserves stood at USD 21,423.2 million, while gross reserves were USD 26,214.8 million. In July 2024, these figures were USD 20,393.7 million and USD 25,823.6 million, respectively. In 2024, the value of the Bangladeshi Taka depreciated further against the US Dollar. Although the official exchange rate was set at BDT 120 per USD, commercial banks were selling dollars at around BDT 123.80, significantly increasing the cost of risk management in the insurance sector. The history of the non-life insurance business in Bangladesh is quite long-standing. At present, there are 47 non-life insurance companies, including the state-owned Sadharan Bima Corporation. In recent years, the growth rate of Bangladesh's insurance industry has remained around 5%, contributing only 0.59% to the national GDP. Several factors have hindered the sector's development, including limited investments, sluggish economic activities, high tax rates, lack of public awareness about insurance and a declining trend in business expansion. We appreciate the initiatives undertaken by the Insurance Development and Regulatory Authority (IDRA) and believe that the implementation of key components outlined in the National Insurance Policy announced by IDRA is a positive step towards ensuring sustainable and stable growth of the insurance industry. Tn order to establish transparency, accountability, and effective oversight, the IDRA has taken steps to promote timely digitalization across all insurance companies. We welcome this initiative and hope that the regulatory authority will succeed in restoring discipline in the sector and ensuring a conducive business environment for all insurers in Bangladesh.



## ব্যবসা পর্যালোচনা ঃ

নন-লাইফ বীমা ব্যবসা নির্ভর করে দেশের অর্থনৈতিক অবস্থা, শিল্প-কারখানার উন্নয়ন, ব্যবসা-বাণিজ্যের প্রসার এবং আমানত ও বিনিয়োগ বৃদ্ধির উপর। এছাড়াও অর্থনৈতিক স্থিতিশীলতা ও জীবনযাত্রার মানোন্নয়নে এটি কোন কোন ক্ষেত্রে সহযোগী হয়। বীমা শিল্পের উন্নয়নের জন্য কিছু প্রতিবন্ধকতা এ শিল্পের উজ্জ্বল ভবিষ্যত পূর্ববর্তী বছর থেকে নিম্নগামী করে রেখেছে। তবে আশার কথা এই যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এই শিল্পের উন্নয়নে বেশ কিছু বাস্তবমুখি পরিকল্পনা ও কঠোর পদক্ষেপ গ্রহণ করেছে। এ ব্যাপারে বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন ও বীমা কোম্পানীগুলো সার্বিক সহায়তা দিয়ে যাচ্ছে। ইতিমধ্যে পরিকল্পনাগুলোর বাস্তবায়ণ শুরু হওয়া বীমা শিল্পে ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে। আপনাদের কোম্পানী ২০২৪ সনে মোট প্রিমিয়াম আয় করেছে ৬৪৬.২৩ মিলিয়ন যা ২০২৩ সনে ছিল ৬৬৪.৬৯ মিলিয়ন। গত বছরের তুলনায় প্রিমিয়াম কিছুটা হ্রাস পেয়েছে। অবলিখন মুনাফা ২০২৪ সনে কিছুটা বৃদ্ধি পেয়ে ১৫২.৪৮ মিলিয়ন টাকা অর্জন করেছে, যা ২০২৩ সনে ছিল ১৪৭.৪৭ মিলিয়ন টাকা।

## অগ্নি বীমা ব্যবসা ঃ

কোম্পানী ২০২৪ সনে অগ্নি বীমা ব্যবসা থেকে মোট প্রিমিয়াম আয় করেছে ২৮৬.৫৪ মিলিয়ন যা ২০২৩ সনে ছিল ২৭৬.৮৮ মিলিয়ন। পুনঃবীমা প্রিমিয়াম প্রদানের পর কোম্পানী ২০২৪ সনে নীট প্রিমিয়াম আয় করেছে ১৩১.৪১ মিলিয়ন টাকা। অগ্নি বীমাতে ২০২৪ সনে অবলিখন মূনাফা হয়েছে ৫.৪৮ মিলিয়ন টাকা।

## Business Review

The performance of the non-life insurance business is closely linked to the overall economic conditions of the country, the development of industries, the expansion of trade and commerce and the growth of deposits and investments. Additionally, economic stability contributes to the improvement of living standards, which in turn supports the insurance sector in various ways. However, several persistent challenges have continued to hamper the promising growth of the insurance industry, dragging down its potentiality from previous years. The encouraging news is that the Insurance Development and Regulatory Authority (IDRA) has undertaken a number of pragmatic plans and strict regulatory measures aimed at revitalizing the industry. In this regard, the Bangladesh Insurance Association (BIA) and the insurance companies are providing their full support. As a result of the gradual implementation of these initiatives, positive changes are already being observed in the insurance sector. In 2024, your company generated a total premium income of BDT 646.23 million, compared to BDT 664.69 million in 2023, reflecting a slight decrease from the previous year. However, underwriting profit increased in 2024, reaching BDT 152.48 million, compared to BDT 147.47 million in 2023.

## Fire Insurance Business

In 2024, the Company earned a total premium income of BDT 286.54 million from its fire insurance business, compared to BDT 276.88 million in 2023. After payment of reinsurance premiums, the net premium income for 2024 stood at BDT 131.41 million. The underwriting profit from fire insurance during the year was BDT 5.48 million.





### নৌ কার্গো ও নৌ হাল ব্যবসা ঃ

নৌ কার্গো ও নৌ হাল ব্যবসা থেকে কোম্পানীর মোট প্রিমিয়াম আয় করেছে ২১৬.৫৯ মিলিয়ন টাকা যা ২০২৩ সনে ছিল ২৬২.৮৪ মিলিয়ন টাকা। পূনঃবীমা প্রিমিয়াম প্রদানের পর নৌ কার্গো ও নৌ হাল বীমা থেকে ২০২৪ সনের নীট প্রিমিয়াম আয় হয়েছে ১৭৬.০২ মিলিয়ন টাকা। নীট বীমা দাবী পরিশোধের পর এ বছর অবলিখন মূনাফা হয়েছে ১০২.৯৯ মিলিয়ন টাকা, গত বছর ছিল ১১৯.৬০ মিলিয়ন টাকা।

### মটর ও বিবিধ বীমা ব্যবসা ঃ

কোম্পানী মটর বীমা থেকে ২০২৪ সনে ৪৭.৮৯ মিলিয়ন টাকা মোট প্রিমিয়াম আয় করেছে। পূনঃবীমা প্রিমিয়াম প্রদানের পর মটর বীমা ব্যবসায় নীট প্রিমিয়াম আয় হয়েছে ৪২.৮৯ মিলিয়ন টাকা। নীট বীমা দাবী পরিশোধের পর এ বছর অবলিখন মুনাফা হয়েছে ১৪.৪৮ মিলিয়ন টাকা।

বিবিধ বীমা ব্যবসা থেকে ২০২৪ সনে মোট প্রিমিয়াম আয় হয়েছে ৭৮.১৪ মিলিয়ন টাকা। ২০২৩ সনে ছিল ৮২.৪৫ মিলিয়ন টাকা। নীট বীমা দাবী পরিশোধের পর এ বছর অবলিখন মুনফা হয়েছে ১৮.৬৭ মিলিয়ন টাকা।

### ক্রেডিট রেটিং ঃ

২০০৭ সনে প্রধান বীমা নিয়ন্ত্রক কর্তৃক ক্রেডিট রেটিং বাধ্যতামূলক করার পর থেকে আমরা সন্তোষজনক রেটিং অর্জন করে আসছি। ২০২৩ সনের বার্ষিক প্রতিবেদন ও ২০২৪ সনের প্রথম ত্রৈমাসিক আর্থিক প্রতিবেদনের উপর ভিত্তি করে ন্যাশনাল ক্রেডিট রেটিংস লিমিটেড (NCR) কোম্পানীর ব্যবসায়ের প্রবৃদ্ধি, বীমা দাবী পরিশোধের আর্থিক সক্ষমতা, বিচক্ষণ আর্থিক ব্যবস্থাপনা, স্বচ্ছলতা, বিনিয়োগ, তারল্য, আইটি ব্যবস্থাপনা ইত্যাদি বিবেচনা করে গত বছরের ন্যায় এই বছর অর্থাৎ ২০২৪-২০২৫ সনের জন্য 'এএ+' ক্যাটাগরীতে রেটিং করেছেন।

### Marine Cargo and Marine Hull Insurance Business

From marine cargo and hull insurance, the Company earned a total premium income of BDT 216.59 million in 2024, compared to BDT 262.84 million in 2023. After adjusting for reinsurance premiums, the net premium income from this segment in 2024 amounted to BDT 176.02 million. Following the settlement of net claims, the underwriting profit for the year stood at BDT 102.99 million, compared to BDT 119.60 million in the previous year.

### Motor and Miscellaneous Insurance Business

In 2024, the Company earned a total premium income of BDT 47.89 million from its motor insurance business. After payment of reinsurance premiums, the net premium income stood at BDT 42.89 million. Following the settlement of net claims, the underwriting profit from motor insurance amounted to BDT 14.48 million during the year.

From the miscellaneous insurance business, the Company earned a total premium income of BDT 78.14 million in 2024, compared to BDT 82.45 million in 2023. After net claims settlement, the underwriting profit from this segment amounted to BDT 18.67 million for the year.

### Credit Rating

Since the introduction of mandatory credit rating requirements by the chief insurance regulator in 2007, the Company has consistently achieved satisfactory ratings. Based on the Annual Financial Statements of 2023 and the first quarter financials of 2024, National Credit Ratings Limited (NCR) has evaluated the Company's business growth, claims-paying ability, prudent financial management, solvency, investment portfolio, liquidity, and IT governance. As a result, the Company has once again been awarded an "AA+" rating for the fiscal year 2024–2025, maintaining the same strong rating as the previous year.

## মানব সম্পদ ঃ

আমরা বিশ্বাস করি ব্যবহারিক দক্ষতা ও গুনাবলী হচ্ছে গুণগত মানসম্পন্ন কাজের অন্যতম শর্ত। শুধুমাত্র শিক্ষাগত যোগ্যতা দ্বারা ভাল কাজ পাওয়া যায় না। ভাল কাজের জন্য শিক্ষাগত যোগ্যতার সাথে পেশাগত শিক্ষা ও ব্যবহারিক প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই লক্ষ্যে ফেডারেল ইনস্যুরেন্স তার কর্মীদের "কর্মকালীন প্রশিক্ষণ" এর উপর গুরুত্ব আরোপ করে। আমাদের কর্মীদের গুনগত মান উন্নয়ন ও পেশাগত দক্ষতা অর্জনের জন্য তাদেরকে বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়। ২০২৪ সনেও বিপুল সংখ্যক কর্মকর্তাকে বিভিন্ন প্রশিক্ষণে পাঠানো হয়েছে, যাতে করে তারা ভবিষ্যতে দক্ষতার সাথে কোম্পানীর কার্যাবলী সম্পাদন করতে পারে।

## শাখা নেটওয়ার্ক ঃ

২০২৪ সনে কোম্পানীর ব্যবসা বৃদ্ধির লক্ষ্যে ফরিদপুর শহরে নতুন একটি শাখা অফিস চালু করা হয়েছে। উল্লেখিত শাখাসহ সারা দেশব্যাপী সর্বমোট ৩১টি শাখার মাধ্যমে আমরা ব্যবসা পরিচালনা করছি এবং উপযুক্ত ভালো স্থানে আরো নতুন শাখা খোলার জন্য চেষ্টা চালাচ্ছি। নতুন শাখা খোলার মাধ্যমে বাজারে আমাদের সক্রিয় উপস্থিতি আমাদের বীমা সেবা জনগণের জন্য সহজলভ্য করে তুলবে।

## নিরীক্ষা প্রতিবেদন এবং আর্থিক বিবরণীর উপর পরিচালকমন্ডলীর প্রতিবেদন ঃ

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ আপনাদের অবগতির জন্য জানান যাচ্ছে যে,

(ক) কোম্পানীর আর্থিক বিবরণীসমূহ এবং সংযুক্ত টিকাসমূহ কোম্পানী আইন ১৯৯৪, বীমা আইন ২০১০, কিছু কিছু ক্ষেত্রে বীমা আইন ১৯৩৮, বীমা বিধিমালা-১৯৫৮ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এণ্ড এক্সচেঞ্জ কমিশন আইন ১৯৮৭ অনুযায়ী প্রণীত হয়েছে। এ বিবরণীসমূহ কোম্পানীর আর্থিক অবস্থা, সমাপ্ত বছরের কার্যক্রমের ফলাফল এবং নগদ অর্থ প্রবাহের প্রকৃত চিত্র প্রতিফলন করে।

(খ) নিরীক্ষা প্রতিবেদনে উপস্থাপিত কিছু সংখ্যক পরামর্শের প্রেক্ষিতে আমাদের বক্তব্য নিম্নরূপ:

(১) কোম্পানীর কর্মকর্তা/কর্মচারীদের অবসর/পদত্যাগের পর কোম্পানী চাকুরী বিধি অনুযায়ী প্রাপ্য গ্রাচুইটি ও অন্যান্য সুযোগ সুবিধাদি পরিশোধ করে আসছে। এই খাতে বর্তমান বৎসরেও প্রভিশন করা হয়েছে এবং পরবর্তীতে অতিদ্রুত প্রয়োজনীয় প্রভিশন করা হবে। কোম্পানী অতিদ্রুত বোর্ড অফ ট্রাষ্ট্রি গঠন ও জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করবে।

## Human Resources

We believe that practical skills and personal competencies are essential prerequisites for delivering quality work. Academic qualifications itself are not sufficient to ensure high performance. To achieve excellence, professional education and hands-on training must complement formal education. With this asumption, Federal Insurance PLC emphasizes on-the-job training for its employees. To enhance the quality and professional capabilities of our workforce, we regularly send our staff to various training institutions. In 2024, a significant number of officers were sent for professional training to help them perform their duties more efficiently and effectively in the future.

## Branch Network

In 2024, with the aim of expanding our business, a new branch office was opened in Faridpur city. Including this newly established branch, the Company is now operating through a total of 31 branches across the country. We are actively pursuing opportunities to open more branches in strategic and promising locations. Expanding our branch network will help strengthen our presence in the market and make our insurance services more accessible to the general public.

## Directors' Report on the Audit Report and Financial Statements

Dear Esteemed Shareholders, We would like to inform you of the following matters for your kind attention:

(a) The Company's financial statements and accompanying notes have been prepared in accordance with the Companies Act 1994, Insurance Act 2010, and, in some cases, the Insurance Act 1938, Insurance Rules 1958, and the Bangladesh Securities and Exchange Commission Act 1987. These statements fairly represent the Company's financial position, the results of operations for the year ended, and the cash flows.

(b) In response to certain observations presented in the Audit Report, we state the following:

1. The Company has been paying gratuity and other benefits to its employees upon retirement or resignation, in line with its service rules. Provisions have been made in the current year for this purpose, and further provisions will be made soon. The Company will take immediate steps to form a Board of Trustees and seek necessary approval from the National Board of Revenue (NBR).

(২) আয়কর অধ্যাদেশ ১৯৮৪ অনুযায়ী কোম্পানী প্রতি বছর আয়কর প্রভিশন করে এবং নিয়মানুযায়ী কোম্পানীর আয়কর রিটার্ণ জমা দেওয়া হয়। আয়কর এসেসম্যান্ট জটিল বিষয় হওয়ায় এবং আইনি প্রক্রিয়ার কারণে এ বছর এখনো চূড়ান্ত আয়কর নির্ধারন করা হয়নি। তবে এই বিষয়টি অতিসত্ত্বর সমাধা করার লক্ষ্যে আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

(৩) অনাদায়ী প্রিমিয়াম খাত হতে ইতিমধ্যে ৯,৬৪,৯০০.০০ টাকা আদায় হয়েছে এবং অবশিষ্ট অর্থ আদায়ে আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।

(৪) 'এজেন্ট ব্যালেন্স' খাত হতে আদায়যোগ্য পরিমাণ আদায়ের জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে এবং অনাদায়ী পরিমাণ নিরীক্ষকের পরামর্শ অনুযায়ী এ বছর রাইট অফ করা হয়েছে এবং পরবর্তী বছরগুলোতে পর্যায়ক্রমে রাইট অফ করা হবে।

### এমফাসিস অব ম্যাটার্স :

১) কোম্পানী শ্রম আইন ২০১০ (সংশোধনী ২০১৩) এর ধারা ২৩৪ অনুযায়ী মুনাফা হতে শ্রমিকদের ৫% অংশ প্রভিশন করে থাকে। বাংলাদেশ ইনস্যুরেন্স এসোসিয়েশ এর পত্র নং বিআইএ-(৫৮)/২০২০-১০০ তারিখ ১৯ মার্চ ২০২০ এর মাধ্যমে, সচিব অর্থ মন্ত্রণালয় বরাবর প্রেরিত পত্রের নির্দেশনা না পাওয়ায় উক্ত তহবিল বিতরণ করা হয়নি এবং কোন ফান্ড গঠন করা হয়নি। রেগুলেটরীর নির্দেশনা অনুযায়ী ফান্ড গঠন করা হবে।

২) কোম্পানী ইতিমধ্যে কর্মকর্তা-কর্মচারীদের নিকট থেকে কর্তনকৃত আয়কর বাবদ টা: ১০,০০,০০০/- (টাকা দশ লাখ) মাত্র সরকারী কোষাগারে জমা প্রদান করেছে।

৩) ২০১৯ সনের অদাবীকৃত লভ্যাংশ ইতিমধ্যে শেয়ারহোল্ডারদের মধ্যে বিতরণ করা হয়েছে এবং অবশিষ্ট অংশ ক্যাপিটাল মার্কেট স্ট্যাভিলাইজেশন ফান্ডে হস্তান্তর করা হয়েছে।

৪) বিগত বছরের নিরীক্ষীত আর্থিক বিবরণীর উপর ভিত্তি করে বর্তমান বছরে আয়কর ভিত্তিক অবচয় নির্ধারণ করে Deffered Tax গণণা করা হয়েছে।

৫) কালেকশন কন্ট্রোল একাউন্ট, অন্যান্য খাত ও প্রি-পেইড এক্সপেন্স খাত হতে আদায় যোগ্য পরিমান আদায়ের জন্য আমাদের প্রচেষ্টা অব্যাহত রয়েছে এবং নিরীক্ষকের পরামর্শ অনুযায়ী অনাদায়ী অর্থ এবছর রাইট অফ করা হয়েছে, পরবর্তী বছরগুলোতে পর্যাক্রমে রাইট অফ করা হবে।

2. The Company makes annual income tax provisions in accordance with the Income Tax Ordinance 1984, and income tax returns are submitted as required. However, due to the complexity of the tax assessment process and ongoing legal formalities, final tax assessments are yet to be completed of this year. The Company is actively working to resolve this matter as early as possible.
3. From the Outstanding Premium account, BDT 964,900 has already been collected, and efforts are ongoing to recover the remaining amount.
4. Efforts are ongoing to recover the collectable amounts from the Agent Balance account. As per the auditor's recommendation, a portion of the unrecoverable amount has been written off this year, and the remaining will be written off gradually in the upcoming years.

### Emphasis of Matters

1. In accordance with Section 234 of the Labour Act 2010 (amended 2013), the Company has made a 5% provision from profit for workers' participation. However, due to the absence of directive from the Ministry of Finance in response to a letter issued by the Bangladesh Insurance Association (Ref. No. BIA-(58)/2020-100, dated March 19, 2020), the amount has not been disbursed nor a fund created. The Company will form the fund once regulatory directives are issued.
2. The Company has deposited BDT 1,000,000 (Ten Lakhs) to the Government Treasury as income tax deducted at source from employee salaries.
3. The unclaimed dividends for the year 2019 have already been distributed to shareholders. The remaining amount has been transferred to the Capital Market Stabilization Fund (CMSF).
4. Based on the audited financial statements of the previous year, depreciation for the current year has been calculated following tax-based depreciation methods.
5. The Company continues its efforts to recover collectable amounts from Collection Control Account, Other Receivables, and Prepaid Expenses. In line with the auditor's recommendations, a portion has been written off this year, with plans for gradual write-offs in subsequent years.

৬) এস.আর.ও নং-৩৫৩/আইন/২০১৯ অনুযায়ী সরকারী সার্টিফিকেটিতে এ ৭.৫% বিনিয়োগের বাধ্যবাধকতা থাকলেও কোম্পানী ৭,৮০,০০,০০০.০০ (সাত কোটি আশি লাখ) টাকা বিনিয়োগ করেছে, যা ৭.৫% এর চেয়ে সামান্য কম। কোম্পানী অতিদ্রুত ট্রেজারি বন্ড ক্রয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) কোম্পানীর প্রয়োজনীয় হিসাব বহিসমূহ সঠিকভাবে তৈরী করা হয়েছে।

(ঘ) আর্থিক বিবরণীসমূহ তৈরীতে সঠিক হিসাব নীতিমালাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ব্যত্যয়সমূহ প্রকাশ করা হয়েছে এবং হিসাবের অনুমানসমূহ যুক্তিসঙ্গত এবং যথাযথভাবে করা হয়েছে।

(ঙ) আন্তর্জাতিক হিসাবমানসমূহ যা বাংলাদেশে প্রযোজ্য সে অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়েছে।

(চ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা স্বচ্ছভাবে প্রণীত এবং এগুলোর প্রয়োগ এবং পর্যবেক্ষণ সুন্দরভাবে পালন করা হচ্ছে।

(ছ) চলমান প্রতিষ্ঠান হিসাবে কোম্পানীর সক্ষমতায় কোন প্রকারের সন্দেহের অবকাশ নেই।

(জ) নিয়ন্ত্রণকারী শেয়ারহোল্ডারগণ কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে গৃহীত বিনিয়োগ স্বার্থ পরিপন্থী সিদ্ধান্ত থেকে ক্ষুদ্র বিনিয়োগকারীগণ সুরক্ষিত।

(ঝ) অন্তর্বর্তীকালীন লভ্যাংশ হিসেবে কোন প্রকার বোনাস শেয়ার বা স্টক ডিভিডেন্ড প্রদান করা হয়নি।

(ঞ) প্রতিবেদনকালীন সময়ে কোন অস্বাভাবিক কার্যক্রম সংগঠিত হয়নি।

(ট) গত বছরের কার্যক্রমের তুলনায় গুরুত্বপূর্ণ কোন বিচ্যুতি নেই।

### বোর্ড সভার উপস্থিতি ঃ

বোর্ড সভার সংখ্যা এবং পরিচালকগণের উপস্থিতি কর্পোরেট গভর্ন্যান্স এর সংযুক্তির সাথে দেখানো হলো। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী সভায় উপস্থিতির জন্য সকল পরিচালকগণ আট হাজার টাকা করে ফি পেয়ে থাকেন। নিরপেক্ষ পরিচালকসহ পরিচালকবৃন্দের বোর্ড সভায় উপস্থিতির ফি অডিট রিপোর্টের নোট নং ৪২.০০ এ দেয়া হয়েছে।

### শেয়ারহোল্ডিং ধরণ ঃ

বিএসইসি নোটিফিকেশন নং এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/২০৭/এডমিন/৮০ তারিখ ০৩.০৬.২০১৮ এর নিরীক্ষা ১.৫ (XXIII) অনুযায়ী কোম্পানীর শেয়ার হোল্ডিং এর ধরণ সংযুক্তি হিসাবে দেয়া হলো।

6. As per SRO No. 353/Law/2019, there is a mandatory investment requirement of 7.5% in government securities. While the Company has invested BDT 78 million, which is slightly below the threshold, necessary steps are being taken to invest in treasury bonds promptly.

(c) All necessary accounting records have been properly maintained by the Company.

